গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
শের-ই- বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

১. প্রকল্পের বিবরণী:

১.১	প্রকল্পের নাম	:	দেশের দক্ষিণাঞ্চলে আয়রন ব্রীজ পুন:নির্মাণ/পুনর্বাসন (১ম সংশোধিত) প্রকল্প।
১.২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
১.৩	বাস্তবায়নকারী সংস্থা	:	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ।

২. প্রকল্প এলাকা:

বিভাগ (১টি)	জেলা (৬টি)
বরিশাল	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, ভোলা, ঝালকাঠি, বরগুনা।

৩. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল: (লক্ষ টাকা)

ডিপিপি	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		বাস্তবায়নকাল
	মোট	জিওবি	
মূল	১৮৩৫৭০.০০	১৮৩৫৭০.০০	জুলাই ২০১৮ হতে জুন ২০২৩
১ম সংশোধন	২৩৩৪০০.০০	২৩৩৪০০.০০	জুলাই ২০১৭ হতে জুন ২০২৪

৪. প্রকল্পের উদ্দেশ্য:

- বরিশাল বিভাগের বিভিন্ন গ্রামীণ সড়কের জরাজীর্ণ লোহার ব্রিজ ভেঙ্গে তথায় আরসিসি/পিসি গার্ডার ব্রিজ নির্মাণ এবং লোহার ব্রিজ পুন:নির্মাণ/ পুনর্বাসনের মাধ্যমে প্রকল্প এলাকায় নিরবিচ্ছিন্ন সমন্বিত সড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠার মাধ্যমে জীবনযাত্রার মানোন্নয়ন।
- স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থান সৃষ্টি।

৫. মূল কার্যক্রম:

প্রধান প্রধান কার্যক্রম	পরিমাণ
উপজেলা সড়কে ব্রীজ পুন:নির্মাণ (আরসিসি/পিসি গার্ডার ব্রিজ দ্বারা প্রতিস্থাপন)	৭৩৫৬ মিটার
ইউনিয়ন সড়কে ব্রীজ পুন:নির্মাণ (আরসিসি/পিসি গার্ডার ব্রিজ দ্বারা প্রতিস্থাপন)	১১১৩৪.০০ মিটার
ইউনিয়ন সড়কে লোহার ব্রিজ পুন:নির্মাণ (আরসিসি/পিসি গার্ডার ব্রিজ দ্বারা প্রতিস্থাপন)	৪৯৫০ মিটার
গ্রাম সড়কে লোহার ব্রিজ পুন:নির্মাণ (আরসিসি/পিসি গার্ডার ব্রিজ দ্বারা প্রতিস্থাপন)	১৮৪৫৫ মিটার

৬. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

৬.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গিভত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৬.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৮ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথা-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

৬.১১ প্রকল্পের উদ্দেশ্য লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

৬.১২ প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি অর্জনের ক্ষেত্রে কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ।

৬.১৩ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চুড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৬.১৪ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন কর্মপরিকল্পা প্রণয়ন ও বাস্তবায়ন সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.১৫ আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত/নির্মিতব্য ব্রিজসমূহ যথাযথ স্থানে নির্মাণ হয়েছে কিনা অর্থাৎ স্থান নির্বাচন যথাযথ ছিল কিনা এ বিষয়ে পর্যালোচনা করতে হবে;

৬.১৬ আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত ব্রিজসমূহের ডিজাইন, পরিকল্পনা প্রণয়ন, ফ্যিজিবিলিটি স্টাডি, হাইড্রোমর্ফোলজিক্যাল স্টাডি, পার্ফোমিং স্ট্রাকচারাল ডিজাইন এন্ড সুপারভিশন, সার্ভে এন্ড সাব সয়েল ইনভেস্টিগেশন যথাযথভাবে নিরুপণ হয়েছে কিনা তা পর্যালোচনা ও পর্যবেক্ষণ করতে হবে;

৬.১৭ আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত ব্রিজসমূহ প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ অর্জেনে কতটুকু ভূমিকা রেখেছে তা পর্যালোচনা করতে হবে;

৬.১৮ নির্মিত ব্রিজসমূহ প্রকল্প এলাকায় পরিবেশের উপর কোন বিরুপ প্রভাব ফেলছেকিনা তা পর্যালোচনা করতে হবে;

৬.১৯ পরামর্শক প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকালে তথ্যদাতাদের মোবাইল নাম্বার, জাতীয় পরিচয়পত্র (যদি সম্ভব হয়) সংগ্রহের পাশাপাশি FGD ও KII করার ভিডিও তৈরি করে অত্র বিভাগে জমা দিতে হবে, যা প্রমাণক হিসেবে গণ্যকরা হবে।

৬২০ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

৭. ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র.	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	● গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার-	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক; উচ্চতর ডিগ্রি থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে	● গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; ● সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ২ (দুই)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; ● ব্রিজ নির্মাণ বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে; ● পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর), e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; ● প্রতিবেদন প্রণয়নে বিশেষ দক্ষতা; উপস্থাপনা দক্ষতা (Presentation Skill)
	খ) ব্রিজ ডিজাইন স্পেশালিস্ট	ন্যুনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি (স্ট্রাকচারাল বিষয়ে ডিগ্রি/ প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার)	● ব্রিজ ডিজাইন কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং সুপারভিশন কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ● পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; ● জলবায়ু পরিবর্তন ও বায়ো ডাইভারসিটি এবং পরিবেশের প্রভাব নির্ণায়ন কাজে অভিজ্ঞতা থাকতে হবে। ● পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; ● কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা;
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/ সমাজ কল্যাণ এবং অনুরুপ সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	● গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; ● আর্থ-সামাজিক বা সমজাতীয় ২টি মূল্যায়ন কাজের অভিজ্ঞতা;
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে নুন্যতম স্নাতকোত্তর ডিগ্রি	● ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; ● বিভিন্ন Statistical Software পরিচালনায় দক্ষতা;

৮. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে
৪)	ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে
৪)	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

৯. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি)।